

3 (Sem-6/CBCS) BEN SE

2022

BENGALI

Paper : BEN-SE-6014

(Skill Enhancement)

Full Marks : 50

Time : 2 hours

The figures in the margin indicate full marks
for the questions

১। নির্দেশানুসারে অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) :

১×৪=৪

- (ক) পৃথিবীর প্রথম অনূদিত মহাকাব্যটির নাম কী ?
- (খ) 'ওল্ড টেস্টামেন্ট' কোন্ ভাষায় লিখিত ?
- (গ) ভারতে অনুবাদ শুরু হয় কোন্ সশ্রাটের আমলে ?
- (ঘ) বাংলা ভাষায় কৃত্তিবাস অনূদিত 'রামায়ণ' গ্রন্থখানির নাম কী ?
- (ঙ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'শকুন্তলা' কোন্ কবির কাব্যের বাংলা অনুবাদ ?
- (চ) অনুবাদের একটি রীতি বা পদ্ধতির উল্লেখ করো ।

22A/901

(Turn Over)

(ছ) মূল রচনার কাছাকাছি অনুবাদকে বলা হয় _____।

(শূন্যস্থানে সঠিক শব্দ বসাত)

(জ) মালাধর বসু অনূদিত 'ভগবত' গ্রন্থখানির নাম লেখো।

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) : $২ \times ৩ = ৬$

(ক) 'মহাভারত'-এর দুজন বাংলা অনুবাদকের নাম লেখো।

(খ) 'বাইবেল' অনূদিত হয়েছে এমন দুটি পাশ্চাত্য ভাষার নাম লেখো।

(গ) দু-ধরনের অনুবাদের উল্লেখ করো।

(ঘ) প্রাচীন সংস্কৃত গ্রন্থ অবলম্বনে রামমোহন অনূদিত দুখানি গ্রন্থের নাম লেখো।

(ঙ) কৃত্তিবাস ছাড়া অন্য দুজন 'রামায়ণ' অনুবাদকের নাম উল্লেখ করো।

(চ) 'ভ্রান্তিবিলাস' গ্রন্থটি কার লেখা? এটি কোন্ গ্রন্থের বাংলা অনুবাদ?

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

(ক) টীকা লেখো : আলাওল অনূদিত 'পদ্মাবতী'

(খ) অনুবাদ ও অনুসৃজনের পার্থক্য বুঝিয়ে লেখো।

(গ) অনুবাদে ভাষাজনিত সমস্যাগুলি পর্যালোচনা করো।

(ঘ) টীকা লেখো : কবীন্দ্র পরমেশ্বর অথবা শ্রীকর নন্দী

(ঙ) অনুবাদক বিদ্যাসাগরের পরিচয় দাও।

(চ) বাংলা অনুবাদের ক্ষেত্রে শ্রীরামপুর মিশনের অবদান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলো থেকে যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ৩ = ৩০$

(ক) উনিশ শতকের বাংলা সাহিত্যের অনুবাদের ইতিহাস সংক্ষেপে বর্ণনা করো।

(খ) মধ্যযুগে বাংলা অনুবাদ সাহিত্য গড়ে ওঠার কারণ সম্পর্কে আলোচনা করো।

(গ) অনুবাদের নানারকম সমস্যা আছে। সেই সমস্যাগুলি সবিস্তারে আলোচনা করো।

(ঘ) সার্থক অনুবাদের গুণাবলি নিজের ভাষায় লেখো।

(ঙ) প্রাচীন ভারতে কোন্ কোন্ ভাষায়, কীভাবে অনুবাদের যাত্রা শুরু হয়েছিল তা সংক্ষেপে আলোচনা করো।

(চ) বাংলা ভাষায় 'মহাভারত'-এর অনুবাদক সম্পর্কে যা জান সংক্ষেপে লেখো।

(ছ) অনুবাদের বিভিন্ন পদ্ধতিগুলি আলোচনা করো।

(জ) তোমার পরিচিত উনিশ শতকের দু-চারজন খ্যাতনামা অনুবাদকের পরিচয় লিপিবদ্ধ করো।
